

## নজরুল বিশ্ববিদ্যালয়ে নজরুলজয়ন্তী পালনের প্রস্তুতি

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৮তম জন্মবার্ষিকী উপলক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে তিন দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানের ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। আগামী ২৩ মে হতে ২৫ মে ২০১৭ তারিখ পর্যন্ত অনুষ্ঠান চলবে। বিশ্ববিদ্যালয়ের 'গাহি সাম্যের গান' মঞ্চে অনুষ্ঠানের উদ্বোধনী পর্বসহ প্রতিদিনের আলোচনা সভায় সভাপতিত্ব করবেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম। প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং আলোচক হিসেবে উপস্থিত থাকবেন দেশ বিদেশের বিভিন্ন খ্যাতিমান ব্যক্তিবর্গ। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও কর্মের উপর আলোচনা ছাড়াও থাকবে আন্তর্জাতিক মানের সেমিনার, গান, কবিতা আবৃত্তি, নৃত্য এবং নাটক পরিবেশনা।

আন্তর্জাতিক মানের সেমিনারে ভারতের পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী ড. পার্থ চট্টোপাধ্যায় এবং আসানসোলার কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সাধন চক্রবর্তী, বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. মোনালিসা দাস, বিশ্বভারতী শান্তি নিকেতনের বাংলা বিভাগের প্রফেসর ড. যুথিকা বসু, দার্জিলিং-এর উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মঞ্জুলা বেড়াসহ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিবর্গ সেমিনার ও অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন বলে সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানের শেষ পর্বে কবি নজরুলের সাহিত্য ও সংগীতে অবদানের জন্য কমপক্ষে দুইজন গুণী ব্যক্তিকে 'কবি নজরুল বিশ্ববিদ্যালয় সম্মাননা' প্রদান করা হবে। এদিকে নজরুল জয়ন্তী উপলক্ষে আগামী ২১ মে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ভাসমান তরী 'সিন্ধু সারস'-এ অনুষ্ঠিত হতে যাচ্ছে কবিতা উৎসব।

বৃহস্পতিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরের উপ-পরিচালক এস.এম. হাফিজুর রহমান এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।